দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 30 2000
পৃষ্ঠা ... কলাম ...

31

# ঢাঃবিঃ অনার্সে ভর্তি হতে ৫২ হাজার প্রার্থী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্স শ্রেণীর ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ ও গ্রহণ আজ (বৃহস্পতিবার) শেষ হবে। গত ৫ মার্চ হতে তিনটি ব্যাংকের মাধ্যমে ভর্তি ফরম বিতরণ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের অনার্স শ্রেণীর মোট ৪ হাজার দু'শ ৩টি আসনে ভর্তির জন্য গতকাল (বুধবার) পর্যন্ত ৫২ হাজার ৮শ' ৫৩টি আবেদনপত্র বিক্রয় হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

আজ শেষ দিন আরো দুই হাজার ফরম বিক্রি হতে পারে। গত বছর বিশ্ববিদ্যালয়ের ৪ হাজার ১শ' ১০টি আসনের জন্য মোট ৫৫ হাজার ১শ' ৮৬টি আবেদন জমা পড়ে।

আগামী ৭ এপ্রিল বাণিজ্য অনুষদের 'গ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হবে। কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা ২১ এপ্রিল, বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদের 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ এপ্রিল এবং সম্মিলিত অনুষদের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ৫ মে অনুষ্ঠিত হবে।

গতকাল পর্যন্ত 'ক' ইউনিটের আবেদনপত্র বিক্রি হয়েছে ১৭ হাজার ৬শ' তিনটি, 'খ' ইউনিটের ১১ হাজার ৬শ' ৪টি, 'গ' ইউনিটের ৯ হাজারটি এবং 'ঘ' ইউনিটের ১৪ হাজার ৬শ' ৪৬টি। প্রতিটি আসনের জন্য মোট ১৩ জন ছাত্র-ছাত্রীকে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। আজ ফরম বিক্রি ও গ্রহণের শেষ দিনে ভর্তিচ্ছুক ছাত্রছাত্রীদের প্রচন্ড ভিড় হবে বলে ধারণা করা হচ্ছে।